

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৪

আগরতলা, ১ এপ্রিল, ২০২৫

দেশে নির্বাচন কমিশনের সঙ্গে রাজনৈতিক দলগুলির ৪,৭ ১৯টি বৈঠক

৩১ মার্চ, ২০২৫ পর্যন্ত বিগত ২৫ দিন ধরে ভারতের নির্বাচন কমিশন রাজনৈতিক দলগুলির সাথে নির্বাচন সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেছে। এই আলোচনা নির্বাচক নিবন্ধন আধিকারিক, জেলা নির্বাচন আধিকারিক এবং মুখ্য নির্বাচন আধিকারিক পর্যায়ে অনুষ্ঠিত হয়েছে। এই সময়ে সারা দেশে ৪ হাজার ৭ ১৯টি বৈঠকের মাধ্যমে এই আলোচনা হয়। তারমধ্যে ৪০টি বৈঠক হয়েছে মুখ্য নির্বাচন আধিকারিকের সাথে, ৮০০টি বৈঠক হয়েছে জেলা নির্বাচন আধিকারিকের সাথে এবং ৩ হাজার ৮৭৯টি বৈঠক হয়েছে নির্বাচক নিবন্ধন আধিকারিকের সাথে। সারা দেশে বিভিন্ন রাজনৈতিক দলের ২৮ হাজারের অধিক প্রতিনিধি এসব বৈঠকে অংশগ্রহণ করেন। ভারতের নির্বাচন কমিশনের ডাইরেক্টর অনুজ চন্দক আজ এক প্রেস নোটের মাধ্যমে এ তথ্য জানিয়েছেন।

প্রেস নোটে তিনি বলেন, নয়াদিল্লির আই.আই.আই.ডি.ই.এম.-এ ৪-৫ মার্চ, ২০২৫ তারিখে অনুষ্ঠিত মুখ্য নির্বাচন আধিকারিকদের কনফারেন্সে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং নির্বাচন কমিশনার ড. সুখবীর সিং সাঙ্গু ও ড. বিবেক যোশী যে নির্দেশনা জারি করেছিলেন সেই অনুযায়ীই রাজনৈতিক দলগুলির সাথে এসব বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সংশ্লিষ্ট ই.আর.ও., ডি.ই.ও. এবং সি.ই.ও.-র আওতাধীন যদি কোনও অমীমাংসিত বিষয় থাকে তা সমাধানের উদ্দেশ্যেই এই বৈঠকগুলির আয়োজন করা হয়েছে। অমীমাংসিত বিষয়গুলিকে জনপ্রতিনিধিত্ব আইন, ১৯৫০ এবং ১৯৫১, রেজিস্ট্রেশন অব ইলেক্ট্রস রুলস, ১৯৬০, কন্ডাক্ট অব ইলেকশন রুলস ১৯৬১ এবং বিভিন্ন সময়ে নির্বাচন কমিশনের ঘোষণা করা ম্যানুয়াল, নির্দেশিকা অনুসারে মীমাংসা করার জন্যই এই উদ্যোগ। সমস্ত রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলের সি.ই.ও.-দের এ বিষয়ে অ্যাকশন টেকেন রিপোর্ট দিতে বলা হয়েছে এবং এরপরও যদি কোনও বিষয় অমীমাংসিত থাকে তাহলে নির্বাচন কমিশন তা খতিয়ে দেখবে। সমস্ত রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলগুলির জেলা নির্বাচন ক্ষেত্রগুলি থেকে রাজনৈতিক দলের কর্মকর্তাগণ আগ্রহ সহকারে এই বৈঠকে সামিল হন। এসব বৈঠকের ছবি নির্বাচন কমিশনের সোশ্যাল মিডিয়া হ্যান্ডেলে পাওয়া যাবে।
